

# କାଲେର କର୍ତ୍ତା

আপডেট : ৯ নভেম্বর, ২০২২ ০২:০০

## এইচএসসি পরীক্ষা

# বিতর্কিত প্রশ্নে জড়িত পাঁচ শিক্ষক চিহ্নিত



ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষায় বাংলা প্রথম পত্রে একটি বিতর্কিত প্রশ্ন তৈরির ঘটনায় যশোর শিক্ষা বোর্ডের পাঁচ শিক্ষককে চিহ্নিত করা হয়েছে। তাঁদের একজন প্রশ্ন প্রণয়নকারী এবং চারজন যাচাইকারী (মডারেটর)। বিতর্কিত প্রশ্ন তৈরির ঘটনা তদন্তে যশোর শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক কে এম রাব্বানিকে প্রধান করে তিনি সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ড গতকাল মঙ্গলবার এ কথা জানিয়েছে।

ঢাকা শিক্ষা বোর্ড থেকে জানানো হয়, প্রশ্নটি তৈরি করেছেন প্রশান্ত কুমার পাল। তিনি ঝিনাইদহের মহেশপুরে ডা. সাইফুল ইসলাম ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক। প্রশ্ন তৈরির পর তা মডারেট করেছেন নড়াইলের সরকারি ভিক্টোরিয়া কলেজের সহযোগী অধ্যাপক সৈয়দ তাজউদ্দিন শাওন, সাতক্ষীরা সরকারি মহিলা কলেজের সহযোগী অধ্যাপক মো. শফিকুর রহমান, নড়াইলের মির্জাপুর ইউনাইটেড কলেজের সহকারী অধ্যাপক শ্যামল কুমার ঘোষ ও কৃষ্ণিয়া ভেড়ামারা আদর্শ কলেজের সহকারী অধ্যাপক মো. রেজাউল করিম।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার কালের কঠকে জানান, এমন প্রশ্নপত্র তৈরির কারণ জানতে চেয়ে আগামী তিনি দিনের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকদের কাছে কারণ দর্শনোর নোটিশ পাঠানো হবে। সাত কর্মদিবসের মধ্যে চিঠির জবাবসহ প্রয়োজনীয় সব কাগজপত্র মন্ত্রণালয়ে পাঠিয়ে দেওয়া হবে। মন্ত্রণালয় তাঁদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

যশোর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আহসান হাবিব বলেন, প্রশ্নপত্র তৈরির সঙ্গে যশোর বোর্ডের অধীন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকরা জড়িত রয়েছেন। এ কারণে বিষয়টি খতিয়ে দেখতে যশোর বোর্ডকে দায়িত্ব দেওয়া হয়েছে।

গত রবিবার অনুষ্ঠিত ঢাকা বোর্ডের এইচএসসির বাংলা প্রথম পত্রের পরীক্ষায় একটি সৃজনশীল প্রশ্নে বিতর্কিত ও সংবেদনশীল বিষয়কে বেছে নেওয়া হয়। এ নিয়ে বেশ সমালোচনা হয়। অনেকেই এতে সাম্প্রদায়িক উসকানি রয়েছে বলে মত দেন। বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকেও লেখালেখি হচ্ছে। ঘটনার পর শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, ‘এ ধরনের প্রশ্নের মাধ্যমে আমাদের শিক্ষার্থীদের মধ্যে সাম্প্রদায়িকতার বীজ বপন হতে পারে। আমরা চিহ্নিত করছি কোন সেটার বা মডারেটর এই প্রশ্নটি করেছেন। তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। প্রশ্নপত্র তৈরির ক্ষেত্রে কোন কোন বিষয় বিবেচনায় নিতে হবে, সে বিষয়ে নির্দেশনা দেওয়া আছে। সাম্প্রদায়িক উসকানিমূলক কোনো বিষয় যেন যুক্ত না থাকে, সে বিষয়েও সেখানে বলা হয়েছে।’

---

Print

সম্পাদক : শাহেদ মুহাম্মদ আলী,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ডা, ঢাকা-১২২৯  
ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডি এ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও কালিবালা দ্বিতীয়  
বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯।

পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন :  
৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com